| ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

**বাংলাদেশ বেতারের মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এ এস এম জাহীদ, মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ বেতার। |
| স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ০৯ মার্চ ২০২৬; সময়: দুপুর ২.০০ টা |
| সভায় অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট-'ক' এবং জুম সভায় অংশগ্রহণকারী বেতারের কেন্দ্র প্রধানগণ |

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

**২। গত সভার কার্যবিবরণী চূড়ান্তকরণ:**

২.১। গত ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**৩। মহান স্বাধীনতা দিবস সংক্রান্ত:**

৩.১। সভায় সভাপতি জানান যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান) সভায় জানান যে, মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে অনুষ্ঠান শাখা কর্তৃক গত ০২ মার্চ ২০২৬ তারিখ ১০৭ নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটে এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে এ বছর মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে কোন আলোকসজ্জা করা যাবে না। তিনি আরো জানান যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐ দিন সূর্যোদয়ের সাথে সাথে করতে হবে।

সভাপতি জানান যে, মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদার উদযাপনের জন্য জাতীয় পর্যায়ে যে সকল কর্মসূচি গ্রহণ করা হয়েছে সে সকল কর্মসূচি বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচারের/নিউ মিডিয়ায় সরাসরি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি জানতে চান যে, সেন্ট্রাল আইসিটি অ্যান্ড নিউমিডিয়া সেলের এ বিষয়ে প্রস্তুতি কেমন? সভায় সেন্ট্রাল আইসিটি অ্যান্ড নিউমিডিয়া সেল হতে জানানো হয় যে, এ বিষয়ে তারা সম্পন্ন প্রস্তুত রয়েছে। বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র/ইউনিট হতে প্রাপ্ত অনুষ্ঠান/সংবাদ বাংলাদেশ বেতারে নিউমিডিয়া প্রচার করা হবে।

**৩.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে মহান স্বাধীনতা দিবস ২০২৬ উপলক্ষ্যে কোন আলোকসজ্জা করা যাবে না মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান। |
| খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক মহান স্বাধীনতা দিবস ২০২৬ উপলক্ষ্যে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐ দিন সূর্যোদয়ের সাথে সাথে করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় | (ক) সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান।<br>(খ) নিরাপত্তা কর্মকর্তা (সকল) |

| | |
|---|---|
| গ) সঠিক মাপ এবং রং এর জাতীয় পতাকা উত্তোলনের বিধি-বিধান জনসাধারণের জ্ঞাতার্থে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান। |
| ঘ) বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিট থেকে সরাসরি সম্প্রচারকৃত অনুষ্ঠান/সংবাদের লিংক বাংলাদেশ বেতারে কেন্দ্রীয়ভাবে স্থাপিত সেন্ট্রাল আইসিটি এন্ড নিউমিডিয়া সেল প্রদান করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী<br>(খ) সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান। |

**৪। ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) বাস্তবায়ন:**

**৪.১।** সভায় জানানো হয় যে, ২০২৫-২৬ অর্থবছরের নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার নির্দেশনা অনুযায়ী ক্রয়কার্যে মান অপরিবর্তিত রেখে ব্যয় হ্রাসের প্রচেষ্টা চালাতে হবে।

**৪.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান। |
| (খ) ক্রয়কার্যে মান অপরিবর্তিত রেখে ব্যয় হ্রাসের প্রচেষ্টা চালাতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী/ পরিচালক (প্রশাসন ও অর্থ)/সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান। |

**৫। সকল কেন্দ্র/ইউনিটের নিরাপত্তা সংক্রান্ত:**

**৫.১।** সভায় নিরাপত্তা শাখা হতে জানানো হয় যে, আসন্ন ঈদুল ফিতর এর ছুটিতে বাংলাদেশ বেতার, আগারগাঁওস্থ নিরাপত্তা কর্মকর্তাসহ সিকিউরিটি সুপারভাইজারা সরকারি ছুটি ব্যতীত অন্য কোন ছুটি ভোগ করবেন না এবং কর্মরত ২৮ জন পুলিশের মধ্যে ২৩ জন দায়িত্বে নিয়োজিত থাকবেন।

অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, আসন্ন ঈদুল ফিতর এর ছুটিতে সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের নিজ নিজ দপ্তর কক্ষের ফ্যান, লাইট, এসি, কম্পিউটারের সুইচ বন্ধ নিশ্চিত করে দপ্তর ত্যাগ করার অনুরোধ করেন এবং নিরাপত্তা ব্যবস্থা স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি দূর্ঘটনা প্রতিরোধে ফায়ার এক্সটিংগুইশার (Fire Extinguisher) বা অগ্নিনির্বাপক যন্ত্রগুলো রিফিল করে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

**৫.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) আসন্ন ঈদুল ফিতর এর ছুটিতে সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিটের নিজ নিজ দপ্তর কক্ষের ফ্যান, লাইট, এসি, কম্পিউটারের সুইচ বন্ধ নিশ্চিতপূর্বক দপ্তর ত্যাগ করতে হবে এবং নিরাপত্তা ব্যবস্থা স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান।<br>খ) নিরাপত্তা কর্মকর্তা (সকল) |
| (খ) দূর্ঘটনা প্রতিরোধে ফায়ার এক্সটিংগুইশার (Fire Extinguisher) বা অগ্নিনির্বাপক যন্ত্রগুলো রিফিল করে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান।<br>খ) নিরাপত্তা কর্মকর্তা (সকল) |

**৬। অডিট আপত্তি ও বাজেট বাস্তবায়ন সংক্রান্ত:**

৬.১। সভায় জানানো হয় যে, বাংলাদেশ বেতারের জুলাই ২০২৫ হতে ৯ মার্চ ২০২৬ পর্যন্ত ১১৬ টি আপত্তি রয়েছে, টাকার পরিমাণ ১২৫,৯২,৭৯,০৫৭/-(১২৫ কোটি ৯২ লক্ষ ৭৯ হাজার ০৫৭ টাকা)।

জুলাই/২০২৫ থেকে ১৮ ফেব্রুয়ারি/২০২৬ পর্যন্ত বাংলাদেশ বেতারের বিভিন্ন দপ্তরেরর ২৭টি আপত্তি সম্পূর্ণ ০২টি আপত্তি আংশিক নিষ্পত্তি হয়েছে। জড়িত টাকার পরিমাণ ২৫,০৬,২৯,৮২৫/-

বাংলাদেশ বেতার, সদর দপ্তরের ১৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৯৩৩নং পত্রের মাধ্যমে ১৪টি সাধারন আপত্তি নিয়ে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের নিমিত্ত কার্যপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। যা দ্বি-পক্ষীয় সভার জন্য অপেক্ষমান। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৭ সেপ্টেম্বর/২০২৫ তারিখের ৪৪২ নং পত্রের মাধ্যমে ২০টি অগ্রিম অনুচ্ছেদ নিয়ে ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য কার্যপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। যা ত্রি-পক্ষীয় সভার জন্য অপেক্ষমান।

**৬.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহবানের মাধ্যমে বিদ্যমান অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) বাংলাদেশ বেতার সদর দপ্তরসহ সকল আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধান। |
| (খ) যে সকল কারণে অডিট আপত্তি হয়েছে, তার পুনরাবৃত্তি যাতে না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | |

৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

এ এস এম জাহীদ
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
☎:৪৪৮১৩০৬২
ইমেইল: dg@betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.০৬.০৩৭৮.২৫.৫৫০

তারিখ: ২৫/০৩/২৫খ্রিঃ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২. উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫. পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/ ঢাকা/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/ কেন্দ্রীয় বার্তা সংস্থা/ মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
৬. আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর /বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
৭. সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সকল কর্মকর্তাকে মেইল মারফত কার্যবিবরণীর কপি প্রেরণের অনুরোধসহ)।
৮. সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ শাখা/জাতীয় বেতার ভবন/ঢাকা/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৯. আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/ বান্দরবান / ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।

১০. আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১১. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১২. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৩. উপ-আঞ্চলিক পরিচালক, সেন্ট্রাল আইসিটি অ্যান্ড নিউমিডিয়া সেল, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৪. উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৫. উপপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৬. সহকারী বার্তা নিয়ন্ত্রক ( অডিট ও কমন শাখা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৭. উপআঞ্চলিক প্রকৌশলী (যানবাহন ও নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮. সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯. সহকারী পরিচালক (প্রশিক্ষণ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।

অনুলিপি: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
২. উপসচিব (প্রশাসন-১)/উপসচিব (বেতার-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মাননীয় সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

২৫/০৩/২৬
দেওয়ান আশরাফুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

**০৯/০৩/২০২৬ তারিখ সোমবার দুপুর ২.০০ টায় বাংলাদেশ বেতার, সদর দপ্তর সম্মেলন কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার উপস্থিতি সীট:**

| ক্রমিক | নাম, পদবী ও দপ্তর | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | জনাব মুনীর আহমদ<br>প্রধান প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | [স্বাক্ষর] ৯/৩/২৬ |
| ২। | জনাব শাহানাজ বেগম<br>অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান),<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | [স্বাক্ষর] ৯/৩/২০২৬ |
| ৩। | জনাব মুহাম্মদ শরীফুল কাদের<br>অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | [স্বাক্ষর] ৯/৩/২০২৬ |
| ৪। | জনাব এস এম আবুল হোসেন<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান-১),<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | [স্বাক্ষর] ৯/৩/২৬ |
| ৫। | জনাব সায়েদ মোস্তফা কামাল<br>উপমহাপরিচালক (অনুষ্ঠান-২),<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | [স্বাক্ষর] ৯/৩/২০২৬ |
| ৬। | জনাব মো: রুবাইয়াত শামীম চৌধুরী<br>পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। | [স্বাক্ষর] ০৯/০৩/২৬ |
| ৭। | মো: আরিফুল ইসলাম<br>পরিচালক, কারিগরি কার্য: | [স্বাক্ষর] ০৯/৩/২৬ |
| ৮। | মো: বশির উদ্দিন<br>পরিচালক, [illegible] | [স্বাক্ষর] ৯/৩/২৬ |
| ৯। | মো: জুনায়েদ [illegible] চৌধুরী<br>পরিচালক, [illegible] | [স্বাক্ষর] ০৯.০৩.২৬ |
| ১০। | মর্জিনা বেগম<br>পরিচালক, অ.প. (ইনফিল্ড)<br>কেন্দ্র ব্যবস্থাপনা দপ্তর | [স্বাক্ষর] ০৯.০৩.২০২৬ |
| ১১। | রওনক জাহান<br>পরিচালক<br>কৃষি বিষয়ক কার্যক্রম | [স্বাক্ষর] ০৯.৩.২৬ |
| ১২। | আয়মন চৌধুরী<br>পরিচালক, লিয়াজোঁ / [illegible] (প্র:দা:)<br>বা.বে., সদরদপ্তর। | [স্বাক্ষর] ০৯/৩/২০২৬ |

| | | |
|---|---|---|
| ১৩। | মোহাম্মদ কামাল হোসেন<br>সিনিয়র প্রকৌশলী (ইনচার্জ)<br>গবেষণা ও গ্রহণ কেন্দ্র | Kamal Hossain<br>০৯/৩/২৬ |
| ১৪। | মোছা: তানিয়া নাজনীন<br>পরিচালক বার্তা (অ: দা:) | ০৯/০৩/২৬ |
| ১৫। | মো: মাহবুবুর রহমান<br>সিনিয়র প্রকৌশলী<br>বাংলাদেশ বেতার, ঢাকা | ০৯/৩/২৬ |
| ১৬। | মো: মনিরুল হক<br>সিনিয়র প্রকৌশলী<br>সংরক্ষণ অনুবিভাগ | ৯/৩/২৬ |
| ১৭। | প্রবাল কান্তি দাস<br>সি. প্র., কারিগরি<br>বাবে. | ৯/৩/২৬ |
| ১৮। | মো: নাহিদুল হক<br>সহকারী বার্তা নিয়ন্ত্রক<br>বা. বে. সদর দপ্তর | Md Nahid<br>০৯/০৩/২৬ |
| ১৯। | এ.এস.এম. হাবিবুর রহমান<br>নিরাপত্তা কর্মকর্তা<br>বাবে সদর দপ্তর, ঢাকা | ০৯/৩/২৬ |
| ২০। | মুহাম্মদ মুজিবুর রহমান সরকার<br>প্রকৌশলী<br>মনিটরিং অধিদপ্তর, বাবে, ঢাকা | ৯/৩/২৬ |
| ২১। | মো. আবু হানিফ<br>স. বার্তা নিয়ন্ত্রক<br>সদর দপ্তর, বা.বে | ৯/৩/২৬ |
| ২২। | শামীম কান্তি তালুকদার<br>আঞ্চলিক প্রকৌশলী<br>জাতীয় বেতার ভবন | ০৯/৩/২৬ |
| ২৩। | মুহম্মদ মাহবুব আলম<br>স্টেশন প্রকৌশলী<br>ট্রান্সমিশন সার্ভিস | ৯/৩/২৬ |

| | | |
|---|---|---|
| ২৪। | মো: আশিকুর রহমান রশীদ<br>প্র: প: সদর দপ্তর | [signature] ০৩/০৩/২৬ |
| ২৫। | মো: মনজুরুল নবী<br>উপবার্তা নিয়ন্ত্রক | [signature] ০৩/০৩/২৬ |
| ২৬। | দেওয়ান আনোয়ারুল ইসলাম,<br>উপপরিচালক (প্রশাসন ও অর্থ) | [signature] ০৩/০৩/২৬ |
| ২৭। | হালিমা বেগম<br>অতিরিক্ত পরিচালক (ইনসিড)<br>বাংলাদেশ বেতার, সদর দপ্তর | [signature] ০৩/০৩/২০২৬ |
| ২৮। | মোহাম্মদ কামাল হোসেন<br>স্টেশন প্রকৌশলী, পরিকল্পনা শাখা. | [signature] ০৩/০৩/২৬ |
| ২৯। | মো: মাহফুজার রহমান<br>উপ-আঞ্চলিক পরিচালক<br>নিউজ মনিটরিং সেল | [signature] ৩/৩/২৬ |
| ৩০। | মো: রুবাইয়াত হোসেন<br>সহ. বেতা. প্রকৌশলী<br>নিউ মিডিয়া সেল | R.M ৩/৩/২৬ |
| ৩১। | মেহেদী মাহমুদুল জলিল<br>সহকারী বার্তা নিয়ন্ত্রক<br>নিউ মিডিয়া সেল | [signature] ০৩.০৩.২০২৬ |
| ৩২। | মো: সোহেল রানা<br>উপপরিচালক<br>বাংলাদেশ বেতার ঢাকা | [signature] ০৩.০৩.২০২৬ |
| ৩৩। | আখতার জাহান দোলন<br>আঞ্চলিক পরিচালক<br>বাংলাদেশ বেতার | [signature] ০৩.০৩.২০২৬ |
| ৩৪। | প্রকৌ. জাহিদুল ইসলাম<br>অতি: প্রকৌশলী (চ.দা) | [signature] |